

Roots of Resilience: একদিনে ৩,০০০ গাছ রোপণ



ঢাকাকে আরও সবুজ, সুস্থ এবং বাসযোগ্য করে গড়ে তুলতে প্রয়োজন আমাদের সবার সম্মিলিত উদ্যোগ। বিশ্ব পরিবেশ স্বাস্থ্য দিবস ২০২৬ উপলক্ষে শক্তি ফাউন্ডেশন আয়োজন করে ‘Roots of Resilience: Planting 3,000 Trees in One Day’। ঢাকার বারিধারা লেকসাইড রাজউক পার্ক এবং বনানী লেক সাইড এলাকায় বৃক্ষরোপণের এই উদ্যোগ নেওয়া হয়। এই কার্যক্রমে উপস্থিত ছিলেন রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (RAJUK)-এর চেয়ারম্যান Engineer Md. Riazul Islam; বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার H.E. Ms. Sarah Cooke (UK in Bangladesh); European Union in Bangladesh-এর Ambassador ও Head of Delegation H.E. Mr. Michael Miller; High Commission of Canada to Bangladesh এ নিযুক্ত হাইকমিশনার H.E. Mr. Ajit Singh; Embassy of Sweden in Dhaka-এর রাষ্ট্রদূত H.E. Mr. Nicolas Weeks; এবং Royal Norwegian Embassy in Dhaka -এর রাষ্ট্রদূত H.E. Mr. Hakon Arald Gulbrandsen। এই উদ্যোগকে সফল করতে বিশেষভাবে সহযোগিতা করেছেন বারিধারা, গুলশান ও বনানী সোসাইটির প্রতিনিধিগণ এবং 55 Kodomtola. আয়োজনটিতে U.S. Embassy Dhaka এবং Australian High Commission, Bangladesh-এর সম্মানিত প্রতিনিধিদের উপস্থিতি আমাদের জন্য ছিল অত্যন্ত অনুপ্রেরণা Scholastica, Sir John Wilson School - SJWS এবং Aurora International School-এর শিক্ষক ও শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ পুরো আয়োজনটিকে আরও প্রাণবন্ত করে তুলেছে। সবার অংশগ্রহণে এক দিনেই রোপণ করা হয়েছে বিভিন্ন প্রজাতির ফলজ, বনজ এবং ঔষধি চারা। প্রতিটি চারা যেন আমাদের আজকের উদ্যোগের পাশাপাশি আগামী দিনের একটি সবুজ, স্বাস্থ্যকর ও আরও সহনশীল ঢাকা শহরের প্রত্যাশা বহন করে।

বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ দিবস উপলক্ষে মানববন্ধন ও র্যালিতে শক্তি ফাউন্ডেশনের অংশগ্রহণ



১০ সেপ্টেম্বর ২০২৬, বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ দিবস উপলক্ষে আয়োজিত মানববন্ধন ও র্যালিতে অংশগ্রহণ করেছে শক্তি ফাউন্ডেশন। “মনোকথা” ও “বাংলাদেশ সাইকোলজিক্যাল অ্যাসোসিয়েশন”-এর উদ্যোগে জাতীয় প্রেস ক্লাব, ঢাকায় আয়োজিত এ কর্মসূচির মাধ্যমে মানসিক স্বাস্থ্য সুরক্ষা, সহজলভ্য ও জরুরি মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ এবং আত্মহত্যা প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করা হয়। কর্মসূচিতে অংশগ্রহণকারীরা মানসিক স্বাস্থ্য নিয়ে খোলামেলা আলোচনা করা, সংকটে থাকা মানুষের কথা মনোযোগ দিয়ে শোনা এবং প্রয়োজনের সময়ে সহমর্মিতা ও সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার

আহ্বান জানান। পাশাপাশি, আত্মহত্যা প্রতিরোধে পরিবার, সমাজ, প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট সকলের সম্মিলিত উদ্যোগের প্রয়োজনীয়তাও তুলে ধরা হয়। এ বছরের প্রতিপাদ্য “Start the Conversation”-এর মূল বার্তা হলো—মানসিক স্বাস্থ্য নিয়ে কথা বলি, সংকটে থাকা মানুষের কথা শুনি এবং প্রয়োজনের সময়ে তাদের পাশে দাঁড়াই। একটি সহমর্মী ও সচেতন পরিবেশ তৈরি এবং মানসিক স্বাস্থ্যসেবা সহজলভ্য করার মাধ্যমে আত্মহত্যা প্রতিরোধে আমরা সবাই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারি। মানসিক স্বাস্থ্য নিয়ে কথা বলা হোক স্বাভাবিক, সহায়তা চাওয়া হোক সহজ এবং প্রতিটি মানুষ অনুভব করুক যে সে একা নয়, তার পাশে কেউ আছে।

মানসিক সুস্থতার উপর জোড় দিয়ে সাইকোথেরাপিস্ট সেশন অনুষ্ঠিত



ভালো থাকা মানে শুধু কঠিন সময় কাটিয়ে ওঠা নয়; বরং প্রতিদিনের ব্যস্ততার মাঝেও নিজের জন্য একটু থামা, নিজের কথা শোনা এবং নিজের প্রয়োজনকে গুরুত্ব দেওয়া। এই ভাবনাকে সামনে রেখে, গত ১২ সেপ্টেম্বর শক্তি ফাউন্ডেশনের হেড অফিসে অনুষ্ঠিত হয় মানসিক স্বাস্থ্য, সুস্থতা ও নিজের যত্ন বিষয়ক দিনব্যাপী একটি ইন্টার্যাক্টিভ সেশন। পেশাদার সাইকোথেরাপিস্ট মাহমুদা মুহসিনা বুশরা (Bushra Mahmuda)-এর পরিচালনায় আয়োজিত এই সেশনটি ছিল একটু থেমে নিজের দিকে তাকানোর, নিজের অনুভূতি ও অভিজ্ঞতাকে আরও গভীরভাবে বোঝার এবং মানসিক সুস্থতা বজায় রাখার কিছু বাস্তবভিত্তিক উপায় শেখার একটি অর্থবহ সুযোগ। খোলামেলা আলোচনা, আত্ম-অনুধ্যানমূলক অনুশীলন, গাইডেড রিল্যাক্সেশন ও মাইন্ডফুলনেস প্র্যাকটিসের মাধ্যমে সহকর্মীরা দৈনন্দিন জীবন ও কর্মক্ষেত্রের ব্যস্ততার মাঝেও প্রয়োগযোগ্য কিছু সহজ ও কার্যকর কৌশল সম্পর্কে জেনেছেন।

রাজশাহী ও ঢাকা নর্থ রিজিওনে মাইক্রোফাইন্যান্স কর্মসূচির উন্নয়ন বিষয়ক কর্মশালা

গত ১২ই সেপ্টেম্বর রাজশাহী রিজিওনের ২১টি এবং ঢাকা নর্থ রিজিওনের ১৮টি শাখার মাইক্রোফাইন্যান্স অফিসার, শাখা ব্যবস্থাপক এবং অ্যাকাউন্টেন্টদের নিয়ে দিনব্যাপী উন্নয়ন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। রাজশাহী রিজিওনের কর্মশালা পরিচালনা করেন সিনিয়র ডিরেক্টর অ্যান্ড হেড অব মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম জনাব আসাদুজ্জামান এবং ঢাকা নর্থ



রিজিওনের কর্মশালা পরিচালনা করেন মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের অপারেশনাল হেড জনাব অতুল কর্মকার। এছাড়াও ঢাকা নর্থ রিজিওনের কর্মশালায় উপস্থিত ছিলেন সিনিয়র ডিরেক্টর অ্যান্ড হেড অব হিউম্যান রিসোর্স ডিপার্টমেন্ট আসমা বেগম এবং শক্তি ফাউন্ডেশনের অন্যান্য কর্মকর্তাগণ। কর্মশালায় বিভিন্ন গুরুত্বপূর্ণ ইন্ডিকেটরের আলোকে মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের অগ্রগতি ও সামগ্রিক চিত্র উপস্থাপন করা হয়। পাশাপাশি অংশগ্রহণকারীদের বিভিন্ন গ্রুপওয়ার্কে যুক্ত করা হয়, যেখানে তাঁরা স্বতঃস্ফূর্তভাবে নিজেদের মতামত ও অভিজ্ঞতা তুলে ধরেন। সেই সঙ্গে ক্যারিয়ার পাথ, কর্মপরিবেশসহ কর্মীদের জন্য গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয়ে অনুষ্ঠিত হয় প্রাণবন্ত মুক্ত আলোচনা। সম্মিলিত অংশগ্রহণ, অভিজ্ঞতা বিনিময় ও নতুন ভাবনার মাধ্যমে মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামকে আরও এগিয়ে নেওয়ার লক্ষ্যে রাজশাহী ও ঢাকা নর্থ রিজিওনের এই আয়োজন ছিল একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ।

নোয়াখালী ও মুন্সিগঞ্জ রিজিওনে মাইক্রোফাইন্যান্স কর্মসূচির উন্নয়ন বিষয়ক কর্মশালা



ডিপার্টমেন্টের জয়েন্ট ডিরেক্টর জনাব মোঃ ফারুক হোসাইন খানসহ শক্তি ফাউন্ডেশনের অন্যান্য কর্মকর্তাগণ।

কর্মশালায় বিভিন্ন গুরুত্বপূর্ণ ইন্ডিকেটরের আলোকে মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের অগ্রগতি ও সামগ্রিক চিত্র উপস্থাপন করা হয়। পাশাপাশি অংশগ্রহণকারীদের বিভিন্ন গ্রুপওয়ার্কে যুক্ত করা হয়, যেখানে তাঁরা স্বতঃস্ফূর্তভাবে নিজেদের মতামত ও অভিজ্ঞতা তুলে ধরেন। এছাড়াও কর্মীদের ক্যারিয়ার পাথ, কর্মপরিবেশ ও পেশাগত উন্নয়নসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে প্রাণবন্ত ও গঠনমূলক আলোচনা অনুষ্ঠিত হয়। সম্মিলিত অংশগ্রহণ ও নতুন ভাবনার মাধ্যমে মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামকে এগিয়ে নিতে নোয়াখালী ও মুন্সিগঞ্জ রিজিওনের এ আয়োজন ছিল একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ।

গত ১৯ সেপ্টেম্বর নোয়াখালী রিজিওনের ২৬টি ও মুন্সিগঞ্জ রিজিওনের ২৭টি শাখার মাইক্রোফাইন্যান্স অফিসার, শাখা ব্যবস্থাপক ও অ্যাকাউন্টেন্টদের অংশগ্রহণে দিনব্যাপী উন্নয়ন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। নোয়াখালী রিজিওনের কর্মশালাটি পরিচালনা করেন মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের অপারেশনাল হেড জনাব অতুল কর্মকার। এ সময় উপস্থিত ছিলেন সিনিয়র ডিরেক্টর অ্যান্ড CFO, হেড অব ফাইন্যান্স জনাব মোঃ আব্দুল হালিম এবং শক্তি ফাউন্ডেশনের অন্যান্য কর্মকর্তাগণ। মুন্সিগঞ্জ রিজিওনের কর্মশালাটি পরিচালনা করেন সিনিয়র ডিরেক্টর অ্যান্ড হেড অব মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম জনাব আসাদুজ্জামান। এ কর্মশালায় উপস্থিত ছিলেন হিউম্যান রিসোর্স



লক্ষ্মীপুর ও চাঁদপুর রিজিওনে মাইক্রোফাইন্যান্স কর্মসূচির উন্নয়ন বিষয়ক কর্মশালা



গত ২৩ সেপ্টেম্বর লক্ষ্মীপুর রিজিওনের ২৫টি এবং ২৪ সেপ্টেম্বর চাঁদপুর রিজিওনের ২৪টি শাখার মাইক্রোফাইন্যান্স অফিসার, শাখা ব্যবস্থাপক ও অ্যাকাউন্টেন্টদের অংশগ্রহণে দিনব্যাপী উন্নয়ন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। লক্ষ্মীপুর রিজিওনের কর্মশালাটি পরিচালনা করেন মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের অপারেশনাল হেড জনাব অতুল কর্মকার। চাঁদপুর রিজিওনের কর্মশালাটি পরিচালনা করেন মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের স্টাফ ম্যানেজমেন্ট অ্যান্ড কমপ্লায়েন্স ডিরেক্টর জনাব কামরুল হাসান। দুটি কর্মশালাতেই উপস্থিত ছিলেন জোনাল হেড জনাব মোহাম্মাদ শিবির হাসানসহ শক্তি ফাউন্ডেশনের অন্যান্য কর্মকর্তাগণ।

কর্মশালায় বিভিন্ন গুরুত্বপূর্ণ ইন্ডিকেটরের আলোকে মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের অগ্রগতি ও সামগ্রিক চিত্র উপস্থাপন করা হয়। পাশাপাশি অংশগ্রহণকারীরা বিভিন্ন গ্রুপওয়ার্কে যুক্ত হয়ে স্বতঃস্ফূর্তভাবে নিজেদের মতামত, অভিজ্ঞতা ও নতুন ভাবনা তুলে ধরেন। এছাড়াও কর্মীদের ক্যারিয়ার পথ, কর্মপরিবেশ ও পেশাগত উন্নয়নসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে প্রাণবন্ত ও গঠনমূলক আলোচনা অনুষ্ঠিত হয়। সম্মিলিত অংশগ্রহণ, অভিজ্ঞতা বিনিময় ও নতুন ভাবনার মাধ্যমে মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামকে আরও এগিয়ে নিতে লক্ষ্মীপুর ও চাঁদপুর রিজিওনের এ আয়োজন ছিল একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ।

একনজরে শক্তি (সেপ্টেম্বর, ২০২৬)

বিভাগ ৮	জেলা ৫৭	জোন ৪	রিজিয়ন ২৮	এরিয়া ১২৯	ব্রাঞ্চ ৬৬৮
সদস্য ৬,৩৯,৪১১ জন স্বামী ৫,০২,৮১৩ জন	সঞ্চয় স্থিতি ১,৮৮৯ কোটি	কর্মী সংখ্যা ৫,৮০০ জন	ঋণস্থিতি ৩,৬২০ কোটি টাকা মেডিকেল অ্যাসিস্ট্যান্ট ১০০ জন		
প্রধান কার্যালয় শক্তি ভবন, বাড়ি নং-০৪, রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১ মিরপুর, পল্লবী, ঢাকা - ১২১৬			যোগাযোগ +৮৮ ০৯৬১৬-৮৮৮১১১ +৮৮ ০১৮১৮৯৮০৪৭৮		

যোগাযোগ

